

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ২০ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৪৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘অর্থনৈতিক
বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি’ নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

ক্রমিক	নাম ও পদবি	দায়িত্ব
(১)	জনাব সালেহ উদ্দিন আহমেদ উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদ উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
(৩)	ড. আসিফ নজরুল উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(৪)	জনাব হাসান আরিফ উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
(৫)	জনাব মোঃ তৌহিদ হোসেন উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য

(২৩৫৮৩)

মূল্য : টাকা ৮.০০

(৬)	লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অবঃ) উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়	সদস্য
(৭)	জনাব আদিলুর রহমান খান উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
(৮)	জনাব আলী ইমাম মজুমদার উপদেষ্টা, প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত	সদস্য
(৯)	জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়	সদস্য
(১০)	সৈয়দা রিজওয়ানা হাসান উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(১১)	জনাব মোঃ নাহিদ ইসলাম উপদেষ্টা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	সদস্য
(১২)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপদেষ্টা	সদস্য
(খ)	সহায়তাদানকারী কর্মকর্তাগণ :	
(১)	মন্ত্রিপরিষদ সচিব	
(২)	মুখ্য সচিব/সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়	
(৩)	গভর্নর, বাংলাদেশ ব্যাংক	
(৪)	সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	
(৫)	সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়	
(৬)	সচিব, শিল্প মন্ত্রণালয়	
(৭)	সচিব, বাস্তুবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	
(৮)	সচিব, অর্থ বিভাগ	
(৯)	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	
(১০)	সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	

- (১১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
- (১২) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- (১৩) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য
- (১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ
- (১৫) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি :**

- (১) দেশের সার্বিক আর্থিক ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;
- (২) উপদেষ্টা পরিষদ সভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত বিষয়/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন:
 - ক. বাণিজ্য নীতি (আমদানি নীতি, রপ্তানি নীতিসহ);
 - খ. শিল্পনীতি;
 - গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলি;
- (৩) ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- (৪) বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ভর্তুকি প্রদান সংক্রান্ত বিষয়াদি;
- (৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলি, বিশেষতঃ এদের আর্থিক কৃতি ও ফলাফল বিবেচনা;
- (৬) বাণিজ্য বৃদ্ধি, বৈদেশিক শ্রম বাজার সম্প্রসারণ, বৈদেশিক শ্রম বাজারের চাহিদা নিরূপণ, রেমিটেন্স সংক্রান্ত কার্যাবলি পরিবীক্ষণ, বিদেশে জনশক্তি প্রেরণের বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং এ সকল লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা;
- (৭) সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত দ্রব্যের মূল্য অন্য কোনো প্রক্রিয়ায় নির্ধারিত হয়ে না থাকলে তা নির্ধারণ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যমানের উৎপাদিত দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের প্রস্তাব বিবেচনা ও সুপারিশ; এবং
- (৮) কোনো আইন, বিধি বা নীতিমালায় এ কমিটি কর্তৃক বিবেচনার জন্য কোনো বিষয় নির্ধারণ করা থাকলে তা বিবেচনা।

- (ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।
- (চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (জ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.২১ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।
- ০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl_ce@cabinet.gov.bd